দৈনিক ইনকিলাব

তারিখ 21 NOV 1997
পৃষ্ঠা ২ কলাম ৭

২৩

# ২৬৪ জন অধ্যক্ষের বেতনের সরকারী অংশ বন্ধে কলেজ শিক্ষক সমিতির বিস্ময় প্রকাশ

বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির সভাপতি অধ্যক্ষ এ কে এম জহিরুল ইসলাম, যুগ্ম সাধারণ সম্পাদক অধ্যাপক আসাদুল হক, অধ্যাপক সাঈদুর রহমান, দফতর সম্পাদক অধ্যাপক আবদুর রব গতকাল এক বিবৃতিতে সম্প্রতি রাজশাহী বিভাগের ৩৪৬টি বেসরকারী কলেজের মধ্যে ২৬৪টি কলেজের অধ্যক্ষের বেতনের সরকারী অংশ বন্ধ এবং গর্ভনিং বডি কর্তৃক শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণের নির্দেশ সম্বলিত সরকারী সিদ্ধান্তে বিস্ময় প্রকাশ করেছেন।

নেতৃবৃন্দ বিবৃতিতে উল্লেখ করেন যে, পরীক্ষা সংক্রান্ত দুর্নীতি ও শিক্ষা প্রশাসন দুর্নীতি মুক্ত করার সদিচ্ছাকে আমরা স্বাগত জানাই, তবে ১৯৯৭ সালের অনুষ্ঠিত এইচএসসি পরীক্ষায় অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীদের অনিয়ম সম্পর্কিত কারণে আত্মপক্ষ সমর্থনে ন্যূনতম সুযোগ না দিয়ে তাদের বেতন-ভাতাদির সরকারী অংশ অনির্দিষ্টকালের জন্য বন্ধ এবং বিভাগীয় ব্যবস্থা গ্রহণের উভয়বিধ শাস্তির সামাজিক ন্যায়বিচারের পরিপন্থী।

নেতৃবৃন্দ আরো উল্লেখ করেন শাস্তিপ্রাপ্ত অধ্যক্ষগণের অধিকাংশই তথাকথিত অবৈধ ছাত্র-ছাত্রী প্রেরণের জন্য দায়ী নয়। তাদের অজ্ঞাতে শিক্ষা বোর্ডের কিছুসংখ্যক দুর্নীতি পরায়ণ কর্মচারীর সহায়তায় এক কলেজের ছাত্রকে অন্য কলেজে পরীক্ষা দেয়ার সুযোগ সৃষ্টি করা হয়েছে। নিরপেক্ষ তদন্তে প্রকৃত চিত্র পরিস্ফুটিত হবে বলে নেতৃবৃন্দ দাবী করেন। প্রেস বিজ্ঞপ্তি।